

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮- ২১০০

তারিখ : ১২/১২/২০২১খ্রীঃ

AIF-2 প্রস্তাবনা আহ্বান বিজ্ঞপ্তি নং - ৮

বিষয় : পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় CIG-দের এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (AIF-2) থেকে প্রাণিসম্পদ বিষয়ভিত্তিক তিনটি ক্ষেত্র এবং উৎপাদিত পণ্য বাজারজাত সহজীকরণ ও বাজার সুবিধার সাথে শক্তিশালী সংযোগ স্থাপনে আর্থিক সহায়তা প্রদানের জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (AIF-2) থেকে প্রাণিসম্পদ সুফলভোগী CIG-দেরকে AIF-২ ম্যাচিং গ্রান্ট থেকে নতুন নতুন প্রযুক্তি হস্তান্তর বা সম্প্রসারণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্যের বাজারজাত সহজীকরণ ও বাজার সুবিধার সাথে শক্তিশালী সংযোগ স্থাপন এবং নতুন করে অনুমোদিত প্রাণিসম্পদ বিষয়ভিত্তিক তিনটি ক্ষেত্রে (১. দুগ্ধবতী গাভীর প্রাপ্যতা সম্প্রসারণে অধিক উৎপাদনশীল সংকর জাতের গর্ভবতী বকনা পালন ও বিপণন; ২. জৈব মাংস উৎপাদন ও CIG খামারীদের অধিক আয় উপার্জনে সমবায়ভিত্তিক ষাঁড় হুপ্ত-পুষ্টকরণ ও বিপণন এবং ৩. ছাগলের পরিকল্পিত বংশবিস্তারে উন্নত মানের/খাঁটি জাতের পাঁঠার প্রাপ্যতা বৃদ্ধিতে ছাগল পালন ও সম্প্রসারণ) অত্র প্রকল্পাধীন ২৭০টি উপজেলায় উপ-প্রকল্পের মাধ্যমে “ম্যাচিং গ্রান্ট” হিসাবে আর্থিক সহায়তা (অ-ফেরতযোগ্য) প্রদান করা হবে। এ জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন CIG-দেরকে নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো -

এআইএফ-২ আবেদনকারী সিআইজি এর ধরণ ও যোগ্যতা :

১. CIG এর ব্যাংক হিসাব থাকতে হবে এবং সদস্যগণকে নিয়মিত সঞ্চয়কারী হতে হবে।
২. CIG-কে আনুষ্ঠানিকভাবে (সরকারীভাবে) যথাযথ কর্তৃপক্ষ হতে নিবন্ধিত হতে হবে।
৩. AIF-2 এর “ম্যাচিং গ্রান্ট” এর জন্য এনএটিপি-২ এবং আবেদনকারীর (CIG) অর্থের অনুপাত হবে ৭০ : ৩০ অর্থাৎ প্রস্তাবিত উপ-প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত বাজেটের সর্বোচ্চ ৭০% ব্যয় AIF-2 থেকে অনুদান হিসেবে আবেদনকারী CIG-কে প্রদান করা যাবে এবং কমপক্ষে ৩০% অর্থ নগদে আবেদনকারী CIG-কে উপ-প্রকল্পের কাজে ব্যয় করতে হবে। এ জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের সময় প্রাক্কলিত বাজেটের কমপক্ষে ৩০% অর্থ সঞ্চয় হিসাবে CIG ব্যাংক একাউন্টে জমা থাকতে হবে।
৪. এনএটিপি-২ প্রকল্প কার্যক্রম সফলভাবে বাস্তবায়নকারী সিআইজি অর্থাৎ যে সকল CIG এর কার্যক্রম Balanced Score Card (BSC) মূল্যায়নে “এ” অথবা “বি” গ্রেড প্রাপ্ত হবে কেবল সে সকল সিআইজি আবেদন করতে পারবে।

৫. অত্র নোটিশ প্রদানের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক অবশ্যই BSC ফর্মেট দিয়ে CIG মূল্যায়ন করতে হবে এবং উক্ত মূল্যায়ন প্রতিবেদনটি প্রস্তাবিত উপ-প্রকল্পের সাথে সংযুক্ত করতে হবে।
৬. AIF-2 এর আওতায় উপ-প্রকল্পে আর্থিক সহায়তায় CIG-কে কেবল দলীয়ভাবে বিবেচনা করা হবে অর্থাৎ CIG এর একক কোন সদস্য উপ-প্রকল্প জমা দেয়ার জন্য বিবেচ্য হবে না।
৭. একটি CIG এনএটিপি-২ প্রকল্প মেয়াদে AIF-২ এর “ম্যাচিং গ্রান্ট” একবারই প্রাপ্য হবে।
৮. প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোতে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে AIF-2 এর অনুদান প্রদান করা হবে।
৯. এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে আত্মহী CIG-কে নির্ধারিত ছকে উপ-প্রকল্প প্রস্তাব তৈরী করে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিল করতে হবে।
১০. অত্র বিজ্ঞপ্তি মোতাবেক AIF-2 উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের শেষ তারিখ আগামী ২৬ জানুয়ারী ২০২২।

সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের নিমিত্ত তাঁর অফিস, FIAC সমূহ এবং CEAL এর মাধ্যমে CIG-দেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়নের সুবিধার্থে AIF-2 ব্যবহার নির্দেশিকা ইতোপূর্বে পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর www.natpdl.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে। বর্তমানে প্রাণিসম্পদ বিষয়ভিত্তিক তিনটি ক্ষেত্রের প্রস্তাবনা প্রণয়নের জন্য সম্পূরক নির্দেশিকাও উক্ত ওয়েব সাইটে দেয়া হয়েছে। এই দুইটি নির্দেশিকা মোতাবেক যোগ্য CIG-দের নিকট থেকে উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ ও পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য এনএটিপি-২ ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। প্রসঙ্গত যে প্রাণিসম্পদ বিষয়ভিত্তিক তিনটি ক্ষেত্রে মাঠ পর্যায়ে চাহিদা থাকায় অত্র দপ্তরে আগে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনাকে AIF-2 অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।


 ডা. এ, এন, এম গোলাম মাইউদ্দিন
 পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
 ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
 ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
 প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

কার্যার্থে :

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০টি উপজেলা।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ৫৭টি জেলা।
- ৩। অফিস কপি।